# এশিয়ান কাপ বাছাইয়ে হংকংয়ের মুখোমুখি হতে ঢাকায় হামজা চৌধুরী



সংগৃহীত ছবি

এশিয়ান কাপ বাছাইয়ের গুরুত্বপূর্ণ ম্যাচ সামনে রেখে ঢাকায় পৌঁছেছেন মিডফিল্ডার হামজা চৌধুরী। তবে ইনজুরিতে একাধিক গুরুত্বপূর্ণ খেলোয়াড়ের অনুপস্থিতি কোচ ক্যাবরেরার জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

আগামী ৯ অক্টোবর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে হংকংয়ের বিপক্ষে মুখোমুখি হবে বাংলাদেশ দল। ১৪ অক্টোবর অনুষ্ঠিত হবে ফিরতি ম্যাচ হংকংয়ে। বাছাইপর্বের প্রথম দুই ম্যাচে মাত্র এক পয়েন্ট পাওয়া লাল-সবুজদের জন্য দুটি ম্যাচই এখন বাঁচা-মরার লড়াই।

গুরুত্বপূর্ণ এই ম্যাচকে সামনে রেখে গত ৩০ সেপ্টেম্বর থেকে ক্যাম্প শুরু করেছে বাংলাদেশ দল। রবিবার ঢাকায় এসে যোগ দিয়েছেন ব্রিটিশ-বাংলাদেশি তারকা হামজা চৌধুরী, যিনি মিডফিল্ডে দলের শক্তি বাড়াবেন বলে আশা করা হচ্ছে। তার উপস্থিতি খেলোয়াড়দের মধ্যে নতুন উদ্দীপনা যোগ করেছে।

তবে দলের জন্য দুঃসংবাদ—ইনজুরির কারণে কয়েকজন গুরুত্বপূর্ণ খেলোয়াড় বাইরে রয়েছেন। ফরোয়ার্ড মোহাম্মদ ইব্রাহিম ও সুমন রেজা ইতোমধ্যে ক্যাম্প ছাড়তে বাধ্য হয়েছেন। রক্ষণভাগের তপু বর্মন, তারিক কাজী ও ফরোয়ার্ড মোহাম্মদ আল আমিন এখনও অনুশীলনে ফিরতে পারেননি।

রোববার (৫ অক্টোবর) অনুশীলনের আগে কোচ হাভিয়ের ক্যাবরেরা বলেন,"সুমন ও ইব্রাহিম দুজনেই ভালোভাবে শুরু করেছিল। এমনকি তারিক, তপু আর আল আমিনও ক্যাম্পে যোগ দিয়েছিল। কিন্তু তাদের শারীরিক সমস্যার কারণে আমরা ঝুঁকি নিতে চাইনি। সর্বোচ্চ চেষ্টা করেও সুমন ও ইব্রাহিমকে ম্যাচের জন্য প্রস্তুত করা যায়নি। তারা এখন চিকিৎসা পরিকল্পনা অনুযায়ী নিজ নিজ ক্লাবে ফিরে গেছে।"

কোচ আরও জানান, ইনজুরির ধাক্কা সত্ত্বেও দল মনোযোগ ধরে রেখেছে। হামজা চৌধুরীর উপস্থিতি দলের আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে, যা হংকংয়ের বিপক্ষে ম্যাচে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।